**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 12-09-2025** **Desk in Charge : SDG**
**Time : 7-35 AM.** **Editing : Sudip B./ Nitish**
**DEO : KB** **NR : Sudip B.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ

বিশেষ বিশেষ খবরঃ-

১/ ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী- SIR-এর প্রস্তুতি খতিয়ে দেখতে, চলতি মাসেই রাজ্যে আসছেন নির্বাচন কমিশনের আধিকারিকরা।

২/ স্কুল সার্ভিস কমিশনের একাদশ-দ্বাদশ শ্রেণীতে নিয়োগ দুর্নীতি মামলায় প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় সহ ২১ জনের বিরুদ্ধে চার্জ গঠন করা হয়েছে।

৩/ শিক্ষক পদে নিয়োগের দাবিতে ২০২২-এর প্রাথমিক টেট উত্তীর্ণদের বিধানসভা অভিযানকে কেন্দ্র করে গতকাল পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে।

# তৃণমূল কংগ্রেসের শাসনে শিক্ষা দুর্নীতি ভয়াবহ আকার নিয়েছে বলে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন।

৪/ যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে ঝিলের জলে ডুবে তৃতীয় বর্ষের এক ছাত্রীর মৃত্যু হয়েছে। প্রশ্ন উঠেছে ক্যাম্পাসের নিরাপত্তা নিয়ে।

৫/ মিজোরামের রাজধানী আইজলের সঙ্গে কলকাতার সরাসরি রেল যোগাযোগ শুরু হচ্ছে আগামীকাল।

৬/ স্বামী বিবেকানন্দের শিকাগো বক্তৃতার স্মরণে সারা দেশের সঙ্গে রাজ্য জুড়ে ‘নরেন্দ্র কাপ’ ফুটবল প্রতিযোগিতা শুরু হয়েছে।

************************************************************

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়া বা SIR-এর প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের কর্তারা চলতি মাসেই রাজ্যে আসছেন। সঠিক পদ্ধতি মেনে এবং সামগ্রিক পরিস্থিতি স্বাভাবিক রেখে কীভাবে সংশোধনের কাজ কিভাবে করা যায়, তা পর্যালোচনা করাই এই সফরের উদ্দেশ্য বলে কমিশন সূত্রে জানা গেছে। রাজ্যে এসে ওই কর্তারা জেলার প্রশাসনিক আধিকারিকদের সঙ্গেও আলোচনা করবেন। প্রস্তুতি ঠিকঠাক হচ্ছে কি না, কোনও গাফিলতি রয়েছে কি না, সবই খতিয়ে দেখা হবে।

**********************

নির্বাচন কমিশন আজ ৩৬ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিক কার্যালয়ে মিডিয়া ও যোগাযোগ কর্মকর্তাদের একদিনের কর্মশালার আয়োজন করেছে। এই কর্মশালায় ভারতের নির্বাচন এবং তার আইনি ও তথ্যগত এবং নিয়ম সংক্রান্ত বিভিন্ন গুরুত্ব নিয়ে আলোচনা হবে। নির্বাচন কমিশনার ডঃ সুখবীর সিং সান্ধু এবং ডঃ বিবেক যোশীর উপস্থিতিতে দেশের মুখ্য নির্বাচন কমিশনার এই কর্মশালার সূচনা করবেন।

**********************

শিক্ষক পদে নিয়োগের দাবিতে ২০২২-এর প্রাথমিক টেট উত্তীর্ণদের বিধানসভা অভিযানকে কেন্দ্র করে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। প্রথমে ধর্মতলায় তাদের কর্মসূচী থাকলেও আন্দোলনকারীরা বিধানসভার দিকে চলে যান। পুলিশ তাঁদের আটকালে বিধানসভা ভবনের সামনেই চাকরিপ্রার্থীদের সঙ্গে ব্যাপক ধস্তাধস্তি বেধে যায়। বিধানসভা ভবন ও ইডেন গার্ডেন্সের সামনে রাস্তায় তৈরি হয় তুলকালাম পরিস্থিতি। পুলিশ তাঁদের টেনেহিঁচড়ে প্রিজন ভ্যানে তুললে রাস্তায় বসে বিক্ষোভ দেখান চাকরিপ্রার্থীরা। দ্রুত চাকরিতে নিয়োগের দাবি জানান তাঁরা।

এরপর কালিন্দীতে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর বাড়ির সামনেও বিক্ষোভ দেখান টেট উত্তীর্ণ চাকরিপ্রার্থীরা। জেলায় জেলায় প্রাথমিক স্কুলগুলিতে শিক্ষকের সংখ্যা কম হওয়া সত্বেও কেন নিয়োগ করা হচ্ছে না তা নিয়েও তারা প্রশ্ন তোলেন।

এদিকে, এই আন্দোলনের কোন যৌক্তিকতা নেই বলে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন। কলকাতায় গতকাল তিনি বলেন, শূন্যপদ সংক্রান্ত চূড়ান্ত তালিকা তৈরির কাজ চলছে। কয়েকদিনের মধ্যেই তা প্রকাশ করা হবে।

**********************

স্কুল সার্ভিস কমিশনের একাদশ-দ্বাদশ নিয়োগ দুর্নীতি মামলায় প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় সহ মোট ২১ জনের বিরুদ্ধে চার্জ গঠন করা হয়েছে। আলিপুরে বিশেষ CBI আদালতে গতকাল এই চার্জ গঠন করা হয়েছে। এবার শুরু হবে বিচারপ্রক্রিয়া।

একাদশ-দ্বাদশের নিয়োগ মামলায় গঠিত এই চার্জে রয়েছে প্রাক্তন শিক্ষা প্রতিমন্ত্রী পরেশ অধিকারী, তাঁর মেয়ে অঙ্কিতা, SSC-র উপদেষ্টা কমিটির প্রধান শান্তিপ্রসাদ সিনহা, কমিশনের প্রাক্তন চেয়ারম্যান সুবীরেশ ভট্টাচার্য, মধ্যশিক্ষা পর্ষদের প্রাক্তন সভাপতি কল্যাণময় গঙ্গোপাধ্যায় সহ ২১ জনের নাম। অপরাধমূলক ষড়যন্ত্র, তথ্য প্রমাণ গোপন, প্রতারণা, নথি জাল এবং জালিয়াতি সহ বেশ কয়েকটি ধারায় অভিযুক্তদের বিরুদ্ধে চার্জ গঠন করেছে সিবিআই।

**********************

প্রাথমিকে ৩২ হাজার চাকরি বাতিলের মামলায় গোটা প্যানেল পুনর্গঠনের দাবি জানিয়েছেন, ২০১৬ সালের প্রার্থীরা। চাকরি প্রার্থীদের আইনজীবীর বক্তব্য প্রশিক্ষণ না নেওয়াদের সঙ্গে প্রশিক্ষিত প্রার্থীদের তফাৎ গড়ে দেবে অ্যাপটিটিউড টেস্টের জন্য বরাদ্দ ৫ নম্বর। ২০২২ সালে আদালত প্রাথমিক শিক্ষা পর্ষদকে প্রায় ৪৩ হাজার এমপ্ল্যানেলড প্রার্থীর নম্বরের বিভাজন প্রকাশ করার নির্দেশ দিয়েছিল। কিন্তু তা হয়নি। সেকারণেই এখন প্যানেল পুনর্গঠনের দাবি জানানো হচ্ছে বলে চাকরি প্রার্থীদের পক্ষ থেকে জানানো হয়।

**********************

পশ্চিমবঙ্গে তৃণমূল কংগ্রেসের শাসনে দুর্নীতি এমন জায়গায় পৌঁছেছে, যে তার জবাব রাজ্যের মানুষকেই দিতে হবে বলে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন। গতকাল পশ্চিম বর্ধমানের পান্ডবেশ্বরের হরিপুরে একটি দলীয় অনুষ্ঠানে

যোগ দিয়ে সুকান্তবাবু বলেন, নিয়োগ দুর্নীতিতে ২১ জনের বিরুদ্ধে চার্জ গঠন হলেও, তথ্য প্রমাণের অভাবে এখনো অনেকেই বাইরে রয়েছেন। তৃণমূল কংগ্রেসের সর্বোচ্চ নেতৃত্ব চাকরী দুর্নীতির সঙ্গে জড়িত বলে'ও তাঁর অভিযোগ।

( বাইট- সুকান্ত )

***********************

উপাচার্যকে কটুক্তির অভিযোগে, তৃণমূল ছাত্র পরিষদের সাধারণ সম্পাদক অভিরূপ চক্রবর্তীকে পাঁচ বছরের জন্য 'সেন্সার' করেছে কলকাতা বিশ্ব বিদ্যালয়। বিশ্ব বিদ্যালয়ের সিন্ডিকেট বৈঠকে এই সিদ্ধান্ত হয়েছে বলে ভারপ্রাপ্ত উপাচার্য শান্তা দত্ত দে জানিয়েছেন। এর ফলে ওই ছাত্র বিশ্ব বিদ্যালয় থেকে কোনো কোর্স এমনকি PHD করতে পারবেন না। এছাড়াও বিশ্ব বিদ্যালয়ে চাকরীর আবেদন'ও এই সময়ের মধ্যে অভিরূপ চক্রবর্তী করতে পারবেন না বলে জানানো হয়েছে।

উল্লেখ্য, ২৮শে আগস্ট দলের ছাত্র সংগঠনের প্রতিষ্ঠা দিবসে পরীক্ষার দিন বদলের দাবিতে বিক্ষোভ চলাকালীন অভিরূপ উপাচার্যকে কটুক্তি করেন বলে অভিযোগ।

***********************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী তাঁর বিভিন্ন মন্তব্যের মাধ্যমে বারবার সেনা বাহিনীকে অপমান করেছেন অভিযোগ তুলে প্রাক্তন সেনা কর্মী ও আধিকারিকরা গতকাল কলকাতার মেয়ো রোডে ধর্না অবস্থানে বসেন। আদালত শর্তসাপেক্ষে তাঁদের ধর্না কর্মসুচিতে অনুমোদন দেয়। রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু আধিকারি ধর্না মঞ্চে গিয়ে কেন সেনাকে বার বার অপমান করা হচ্ছে সেই প্রশ্ন তুলেছেন।

( বাইট- শুভেন্দু )

***********************

রাজ্যের নিম্ন আদালতগুলির পরিকাঠামো তৈরিতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ না করায় রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থকে তীব্র ভর্ৎসনা করেছে কলকাতা হাইকোর্ট। দুই বিচারপতি দেবাংশু বসাক ও মহম্মদ শব্বার রশিদির ডিভিশন বেঞ্চে গতকাল ভার্চুয়াল

শুনানিতে অংশ নিয়েছিলেন রাজ্যের মুখ্য সচিব। হাইকোর্ট-এর বিচারপতিদের চেম্বারগুলিতে CCTV বসানোর জন্য আবেদন জমা দেওয়া হলেও, তার অর্থ বরাদ্দ কেন করা হয়নি, তা নিয়ে প্রশ্ন তোলেন বিচারপতি বসাক। তিনি বলেন, জেলা বিচারকদের সারা বছর খরচের জন্য যে টাকা দেওয়ার কথা থাকে, সেই অর্থও বহু জেলা পায়নি। আগামী ১৭-ই সেপ্টেম্বর এবিষয়ে যাবতীয় জবাব সহ রিপোর্ট জমা দেওয়ার জন্য মুখ্য সচিবকে নির্দেশ দিয়েছে আদালত।

**********************

যাদবপুর বিশ্ব বিদ্যালয়ের চার নম্বর গেট সংলগ্ন ঝিলে পড়ে গিয়ে ইংরেজী বিভাগের এক ছাত্রীর মৃত্যু হয়েছে। জানা গেছে, গতরাতে চার নম্বর গেট সংলগ্ন এলাকায় একটি ছাত্র সংগঠনের সাংস্কৃতিক অনুষ্ঠান চলছিল। রাত ৯'টার দিকে ওই ছাত্রী কোনোভাবে ঝিলের জলে পড়ে যান। বেশ কিছুক্ষণ পর উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হলে সেখানেই তাঁকে মৃত বলে ঘোষণা করা হয়। অনামিকা মন্ডল নামে কলকাতার বেলঘরিয়ার বাসিন্দা ওই ছাত্রী স্নাতক স্তরের তৃতীয় বর্ষে পড়াশুনা করতেন। এই ঘটনায়, যাদবপুর বিশ্ব বিদ্যালয়ে ক্যাম্পাসের নিরাপত্তা নিয়ে ফের প্রশ্ন উঠতে শুরু করেছে।

**********************

মিজোরামের রাজধানী আইজলের সঙ্গে কলকাতার সরাসরি রেল যোগাযোগ শুরু হচ্ছে আগামীকাল। ওই দিন আইজলের সাইরাং স্টেশন থেকে একটি ট্রেন সকাল ১০ টায় উদ্বোধনী যাত্রা শুরু করে পরের দিন বিকেল ৫ টায় কলকাতা স্টেশনে পৌঁছানোর কথা। এরপর আগামী ১৬ই সেপ্টেম্বর থেকে কলকাতা-সাইরাং ত্রি-সাপ্তাহিক এক্সপ্রেস-এর নিয়মিত পরিষেবা শুরু হবে। যাতায়াতের পথে ট্রেনটি উত্তরপূর্ব সীমান্ত রেলের বদরপুর জংশন, গুয়াহাটি, গোয়ালপাড়া টাউন, গোলকগঞ্জ, নিউ জলপাইগুড়ি ও মালদা টাউন স্টেশনে থামবে বলে রেল সূত্রের খবর। নতুন এই ট্রেন পরিষেবা আইজলের সঙ্গে দেশের গুরুত্বপূর্ণ স্থানগুলির রেল যোগাযোগ বৃদ্ধি করবে। পাশাপাশি এই অঞ্চলের অর্থ সামাজিক পরিস্থিতির উন্নয়ন হবে বলে মনে করা হচ্ছে।

**********************

শিকাগোয় বিশ্ব ধর্ম সম্মেলনে স্বামী বিবেকানন্দের ঐতিহাসিক বক্তৃতার স্মরণে সারা দেশের সঙ্গে রাজ্য জুড়ে 'নরেন্দ্র কাপ' ফুটবল প্রতিযোগিতা শুরু হয়েছে। হাওড়ার দাশনগরে আরতি কটন মিলের মাঠে গতকাল সাংসদ তথা বিজেপি রাজ্য সভাপতি, শমীক ভট্টাচার্য্য ফুটবলে শট মেরে প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

একটি প্রতিবেদন- ( ভিসি- কাশফিন )

**********************

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ সাহিত্যিক বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ১৩২-তম জন্মদিন পালিত হচ্ছে। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় একাধারে ছিলেন সাহিত্যিক, লেখক, ঔপন্যাসিক, গল্পকার। তাঁর লেখা 'পথের পাঁচালী', 'অপরাজিত', 'আরণ্যক', 'চাঁদের পাহাড়', 'ইছামতি', 'আদর্শ হিন্দু হোটেল' প্রভৃতি উপন্যাস মানুষের হৃদয়ে গভীরভাবে নাড়া দিয়েছিল। পথের পাঁচালীর পাশাপাশি তাঁর অনেক উপন্যাস চলচ্চিত্রে রূপায়িত হয়েছে। 'ইছামতি' উপন্যাসের জন্য পশ্চিমবঙ্গ সরকার বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়কে মরণোত্তর সাহিত্য পুরস্কার রবীন্দ্র পুরস্কার প্রদান করে।

**********************

হিমালয় সংলগ্ন এলাকায় ঘূর্ণাবর্ত, নিম্নচাপ অক্ষরেখা এবং সক্রিয় মৌসুমী অক্ষরেখার কারণে উত্তরবঙ্গে আগামী দু'দিন বিক্ষিপ্তভাবে ভারী থেকে অতিভারী বৃষ্টির সম্ভাবনা।

হাল্কা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে, দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই।

আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডক্টর হবিবুর রহমান বিশ্বাস গতকাল একথা জানান।

*****************************************************************